

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পাস-২ শাখা

বিষয়ঃ সরকারি পর্যায়ের সকল সেবা প্রদান পদ্ধতি সহজীকরণের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের আওতায় গঠিত ইনোভেশন টিমের মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ	জনাব মোঃ সিরাজুল ইসলাম, অতিরিক্ত সচিব স্থানীয় সরকার বিভাগ ও চীফ ইনোভেশন অফিসার
সভার স্থান	ঃ	তীর অফিস কক্ষে (কক্ষ # ৬২৫, ভবন # ৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
তারিখ	ঃ	২৪ নভেম্বর ২০১৫, সকাল ১১.০০ ঘটিকা
উপস্থিত কর্মকর্তাদের তালিকা	ঃ	পরিশিষ্ট- 'ক'

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। স্বাগত বক্তব্যে জনাব মোঃ সিরাজুল ইসলাম, অতিরিক্ত সচিব স্থানীয় সরকার বিভাগ ও চীফ ইনোভেশন অফিসার সভাকে অবহিত করেন যে, সরকারি পর্যায়ের সকল সেবা প্রদান পদ্ধতি সহজীকরণপূর্বক জনগনের দৌড়গোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে প্রধামন্ত্রীর কার্যালয় কর্তৃক একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রকল্পটি গৃহীত হয়েছে। সে লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক একটি ইনোভেশন কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির কার্যক্রম পর্যালোচনার জন্য এ মাসিক সভার আয়োজন করা হয়েছে। এ বিষয়ে কর্মপরিকল্পনা গ্রহণের লক্ষ্যে মতামত প্রদানের জন্য সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে অনুরোধ জানান।

০২। জনাব মোঃ ঈশান আলী রাজা বাঙালী, উপসচিব ও সদস্য সচিব, ইনোভেশন কমিটি, স্থানীয় সরকার বিভাগ সভাকে অবহিত করেন যে, এ বিভাগের অধীনস্থ সকল সংস্থা/দপ্তরের ইনোভেশন টিম থাকা প্রয়োজন। এ ব্যাপারে ইনোভেশন টিম গঠনের জন্য সংস্থা/দপ্তরসমূহকে পত্র প্রদান করা যেতে পারে। তিনি আরও জানান যে, এ কমিটির সকল কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে কমিটির সিদ্ধান্ত, সভার নোটিশ, রেজুলেশনসহ সকল ধরনের পত্রাদি ইমেইলে প্রেরণ করা যেতে পারে।


০৩। জনাব কাজী আসাদুজ্জামান, উপসচিব ও সদস্য ইনোভেশন কমিটি, স্থানীয় সরকার বিভাগ জানান যে, এ বিভাগের আওতায় উদ্ভাবক কর্তৃক এটুআই এর যে সকল প্রকল্প গ্রহণ করা হয়েছে সে সকল প্রকল্পসমূহ পর্যালোচনার জন্য প্রতি মাসে একটি সভার আয়োজন করা যেতে পারে এবং নিয়মিত তদারকির ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

০৪। জনাব মোঃ জাহিদ হোসেন, সিনিয়র সহকারী সচিব ও সদস্য ইনোভেশন কমিটি, স্থানীয় সরকার বিভাগ জানান যে, অত্র বিভাগের যেকোন একটি সেবাকে সহজীকরণের জন্য চিহ্নিত করা যেতে পারে। উদাহরণ স্বরূপ তিনি অবহিত করেন যে, অত্র বিভাগের সকল আভ্যন্তরীণ প্রশিক্ষণ এ বিভাগের যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের মাধ্যমে পরিচালনা করা যেতে পারে। এতে স্বল্প সময়ের মধ্যে এ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে।

০৫। উক্ত সভায় আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রমিক	সিদ্ধান্ত
১.	সরকারি পর্যায়ের সকল সেবা প্রদান পদ্ধতি সহজীকরণের উপায় খুঁজে বের করার নিমিত্তে স্থানীয় সরকার বিভাগের অধীনস্থ সংস্থা/দপ্তরসমূহের চৌকস, মেধাবী ও উদ্যোগী অনধিক ০৩(তিন) জন কর্মকর্তাগণের সমন্বয়ে একটি ইনোভেশন টিম গঠনপূর্বক ২৬.১১.২০১৫ তারিখের মধ্যে উক্ত কমিটির নামের তালিকা এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান।
২.	গঠিত ইনোভেশন টিম কর্তৃক প্রতিমাসে কমপক্ষে একবার ইনোভেশন সভা আহ্বান এবং সভার সিদ্ধান্তসমূহ স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার মহোদয় বরাবরে প্রেরণ নিশ্চিতকরণ।
৩.	স্থানীয় সরকার বিভাগের অভ্যন্তরীণ সকল প্রশিক্ষণের বিষয়ে পরিকল্পনা গ্রহণ, মনোনয়ন এবং বাস্তবায়নের কার্যক্রম এ বিভাগের প্রশাসন অনুবিভাগের যুগ্মসচিব মহোদয়ের তত্ত্ববধানে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।
৪.	স্থানীয় বিভাগের আওতায় উদ্ভাবক কর্তৃক এটুআই এর যে সকল প্রকল্প গ্রহণ করা হয়েছে, সে সকল প্রকল্পসমূহ পর্যালোচনার জন্য নিয়মিত সভা আহ্বান ও তদারকির ব্যবস্থা গ্রহণ।
৫.	স্থানীয় সরকার বিভাগের এবং এর আওতাধীন সকল কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে কমিটির সিদ্ধান্ত, সভার নোটিশ, রেজুলেশনসহ সকল ধরনের পত্রাদি ইমেইলে প্রেরণ করতে হবে।

০৩৬। অতঃপর উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
মোঃ সিরাজুল ইসলাম ২৪/১১/১৫  
অতিরিক্ত সচিব  
স্থানীয় সরকার বিভাগ  
ও  
চীফ ইনোভেশন অফিসার

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। যুগ্মসচিব (উপজেলা) স্থানীয় সরকার বিভাগ ও ইনোভেশন কমিটির সদস্য।
- ২। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ ও ইনোভেশন কমিটির সদস্য।
- ৩। যুগ্মসচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ ও ইনোভেশন কমিটির সদস্য।
- ৪। যুগ্মসচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ ও ইনোভেশন কমিটির সদস্য।
- ৫। যুগ্মসচিব (ইউপি), স্থানীয় সরকার বিভাগ ও ইনোভেশন কমিটির সদস্য।
- ৬। উপসচিব (জেপ), স্থানীয় সরকার বিভাগ ও ইনোভেশন কমিটির সদস্য।
- ৭। উপসচিব (অডিট), স্থানীয় সরকার বিভাগ ও ইনোভেশন কমিটির সদস্য।
- ৮। উপসচিব (সিটি কর্পোরেশন-১), স্থানীয় সরকার বিভাগ ও ইনোভেশন কমিটির সদস্য।
- ৯। উপপ্রধান (পরিকল্পনা), স্থানীয় সরকার বিভাগ ও ইনোভেশন কমিটির সদস্য।
- ১০। সিনিয়র সহকারী সচিব (উপজেলা-১), স্থানীয় সরকার বিভাগ ও ইনোভেশন কমিটির সদস্য।
- ১১। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), স্থানীয় সরকার বিভাগ ও ইনোভেশন কমিটির সদস্য।
- ১২। সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ ও ইনোভেশন কমিটির সদস্য।
- ১৩। সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা-২), স্থানীয় সরকার বিভাগ ও ইনোভেশন কমিটির সদস্য।

২৫.১১.১৫

মোঃ সৈয়দ আলী রাজা বাঙালী  
উপসচিব

ফোনঃ ৯৫৪০৩৭০

ই-মেইলঃ watersupply\_02@yahoo.com

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)

- ১। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।